

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

বিষয়ঃ রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী

সভাপতি	:	হাসান মাহমুদ, যুগ্মসচিব ও চীফ ইনোভেশন অফিসার রেলপথ মন্ত্রণালয়
তারিখ	:	১১ ডিসেম্বর ২০২৩
সময়	:	বিকাল ০২:৩০ টা
স্থান	:	রেলভবনস্থ ৯ম তলা (কক্ষ নং-৯২৫)
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সিস্টেম এনালিস্ট ও ইনোভেশন টিমের সদস্য সচিবকে অনুরোধ করেন। তিনি সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা এবং রেলপথ মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার কার্যক্রম নং-১.১ অনুসারে সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম ০১ (এক) টি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করতে হবে। এর প্রেক্ষিতে রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে উদ্ভাবনী ধারণা আহ্বান করা হয়।

০২। রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের কর্মকর্তা-কর্মচারীর নিকট হতে মোট ০৮ (আট) টি উদ্ভাবনী ধারণা পাওয়া যায় যা নিম্নরূপঃ

ক্রমিক	উদ্ভাবনের নাম	উদ্ভাবকের নাম
০১।	স্টোন প্রোটেকটিভ শাটারঃ ট্রেনে পাথর নিক্ষেপজনিত দুর্ঘটনা প্রতিরোধে একটি সহজ ও প্রায় শতভাগ কার্যকর ব্যবস্থা উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০২।	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হইলসেট গাইড ঘন ঘন ভাঙান এর কারণ ও এর প্রতিকার উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০৩।	লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয়রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০৪।	ব্রডগেজ বিএফআর ওয়াগন রূপান্তর করে তাতে মিটারগেজ এবিসি কাপলার স্থাপন	জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী
০৫।	অটোমেটিক টিকেটিং সিস্টেম	জনাব মোঃ নাসির উদ্দিন বিভাগীয় বাণিজ্যিক কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ে, পাকশী
০৬।	Bangladesh Railway Secured Pass Usage System	জনাব ফারহান মাহমুদ সহকারী বাণিজ্যিক কর্মকর্তা বাংলাদেশ রেলওয়ে, পাকশী
০৭।	পাবলিক টয়লেট/গণ শৌচাগার স্থাপন	জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন ডিসিও লালমনিরহাট
০৮।	ওয়েব এপ্লিকেশন এর মাধ্যমে লাইসেন্স ফি আদায় এবং ভূমি ব্যবস্থাপনা সহজীকরণ	জনাব মোঃ রেজাউল করিম চীফ এপ্লেট অফিসার (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী

০২। সভাপতি জানান যে, প্রাপ্ত উদ্ভাবনী ধারণা হতে Short listing করে পরবর্তীতে সচিব, রেলপথ মন্ত্রণালয়ের উপস্থিতিতে উদ্ভাবকগণ সম্ভাব্য বাজেটসহ বিস্তারিত উপস্থাপন করবেন। উক্ত উদ্ভাবনী ধারণা হতে ২/১ টি ধারণা চূড়ান্তকরণ পূর্বক বাস্তবায়ন করতে হবে। নির্বাচিত উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের মাধ্যমে রেলওয়েকে আরও গতিশীল হিসেবে গড়ে তুলতে হবে।


০৩। সভায় উপস্থাপিত উদ্ভাবনী ধারণা পর্যালোচনায় নিম্নরূপ সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়ঃ

(ক) উপস্থাপিত ০৮ (আট) টি উদ্ভাবনী ধারণা হতে নিম্নোক্ত ০৪ (চার) টি ধারণা প্রাথমিকভাবে বাছাই করা হয়ঃ

ক্রমিক নং	উদ্ভাবনের নাম	উদ্ভাবকের নাম
০১।	স্টোন প্রোটেকটিভ শাটারঃ ট্রেনে পাথর নিষ্ক্ষেপজনিত দুর্ঘটনা প্রতিরোধে একটি সহজ ও প্রায় শতভাগ কার্যকর ব্যবস্থা উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০২।	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহৃত হইলসেট গাইড ঘন ঘন ভাঙ্গান এর কারণ ও এর প্রতিকার উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০৩।	লালমনিরহাট বিভাগের কোচগুলোর চাকা ক্ষয়রোধে স্বল্প খরচে টার্নটেবিল জাতীয় স্থাপনা উদ্ভাবন	জনাব মোঃ তাসরুজ্জামান বাবু বিভাগীয় যান্ত্রিক প্রকৌশলী (ক্যারেজ এন্ড ওয়াগন) বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট
০৪।	ব্রডগেজ বিএফআর ওয়াগন রূপান্তর করে তাতে মিটারগেজ এবিসি কাপলার স্থাপন	জনাব মুহাম্মদ কুদরত-ই-খুদা প্রধান যন্ত্র প্রকৌশলী (পশ্চিম) বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী

(খ) বর্ণিত উদ্ভাবনী ধারণাসমূহ আগামী সভায় সম্ভাব্য বাজেটসহ পূর্ণাঙ্গরূপে উপস্থাপনের জন্য উদ্ভাবকগণকে অবহিতকরণ এবং সচিব, রেলপথ মন্ত্রণালয় মহোদয়ের উপস্থিতিতে উক্ত সভা আহ্বান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(হাসান মাহমুদ)
যুগ্মসচিব
ও
চীফ ইনোভেশন অফিসার
রেলপথ মন্ত্রণালয়।